২০২৪

# বাংলা — মাইনর

পত্র : MN-1

[ বাংলা সাহিত্যের ইতিহাস (১৮০০ খ্রি. পর্যন্ত)]

পূর্ণমান - ৭৫

*প্রান্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।*

*উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।*

১। (ক) বাংলার সমাজ ও সাহিত্যের ইতিহাসে তুর্কি আক্রমণের গুরুত্ব সম্পর্কে আলোচনা করো। ১৫

*অথবা,*

(খ) শ্রীকৃষ্ণকীর্তন কাব্যের পুঁথি কে, কবে, কোথা থেকে আবিষ্কার করেন? এই গ্রন্থে বাংলা ভাষার কোন স্তরের নিদর্শন পাওয়া যায়? শ্রীকৃষ্ণকীর্তন কাব্যের রচয়িতার নাম কী? শ্রীকৃষ্ণকীর্তন কাব্যের কাব্যমূল্য আলোচনা করো। ৩+১+১+১০

২। (ক) মহাভারতের অনুবাদক হিসেবে কবি কাশীরাম দাসের প্রতিভার মূল্যায়ন করো। ১৫

*অথবা,*

(খ) মৈথিল কবি বিদ্যাপতিকে বাংলা সাহিত্যের অন্তর্ভুক্ত করা হয় কেন? বিদ্যাপতির কবি-প্রতিভার মূল্যায়ন করো। ৫+১০

৩। (ক) মধ্যযুগীয় প্রণয়মূলক আখ্যান কাব্যের ধারায় সৈয়দ আলাওলের রচনার বিশেষত্ব কোথায়, তা বিশদে আলোচনা করো। ১৫

*অথবা,*

(খ) শাক্তপদাবলীর কবি রামপ্রসাদ সেনের কবি প্রতিভার মূল্যায়ন করো। ১৫

৪। (ক) টীকা লেখো— চর্যাপদের ঐতিহাসিক গুরুত্ব। ৫

*অথবা,*

(খ) টীকা লেখো— গাথাসপ্তশতী। ৫

৫। (ক) টীকা লেখো— চৈতন্যভাগবত ৫

*অথবা,*

(খ) টীকা লেখো— জ্ঞানদাস। ৫

৬। (ক) কবি কমলাকান্ত ভট্টাচার্যের কবি-প্রতিভার সংক্ষিপ্ত পরিচয় দাও। ৫

*অথবা,*

(খ) টীকা লেখো— বাংলা মঙ্গলকাব্যধারার উদ্ভবের কারণ। ৫

৭। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও। ১×১৫

(ক) চর্যাপদের আদি কবির নাম কী?

(খ) চর্যাপদ কোথা থেকে প্রকাশিত হয়?

(গ) শ্রীকৃষ্ণকীর্তন কাব্যের প্রধান তিনটি চরিত্রের নাম লেখো।

(ঘ) বাংলা রামায়ণের শ্রেষ্ঠ অনুবাদকের নাম লেখো।

(ঙ) মালাধর বসু রচিত গ্রন্থটির নাম লেখো।

(চ) কবি ঘনরাম চক্রবর্তী রচিত মঙ্গলকাব্যটির নাম কী?

(ছ) চর্যাপদের তিব্বতী অনুবাদ কবে আবিষ্কৃত হয়?

(জ) চণ্ডীমঙ্গল কাব্যের শ্রেষ্ঠ কবি কে?

(ঝ) অদ্ভুত আচার্য কোন গ্রন্থের অনুবাদ করেন এবং গ্রন্থটির নাম কী?

(ঞ) কবীন্দ্র পরমেশ্বর কোন গ্রন্থের অনুবাদক?

(ট) চৈতন্য পূর্ববর্তীকালের যে-কোনো একজন মনসামঙ্গল কাব্যের কবির নাম লেখো।

(ঠ) 'অন্নদামঙ্গল' কাব্য কত খ্রিস্টাব্দে রচিত হয়েছিল?

(ড) কবি ভারতচন্দ্র কোন সময়ের কবি ছিলেন?

(ঢ) 'ইউসুফ জোলেখা'-র রচয়িতার নাম কী?

(ণ) চর্যাগীতির টীকাকারের নাম লেখো।

---